



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ডাকবাংল নং ৩২৫
ঢাকা
বাংলাদেশ

www.bangladeshbank.org.bd

কৃষিক্ষণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ
(শিল্প উপ বিভাগ)

এসিএসপিডি সার্কুলার লেটার নং ০৭

তাং ১৫/০৫/২০০৮

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

“গৃহায়নখাতে পুনঃঅর্থায়ন স্কিম” সংক্রান্ত সার্কুলারের সংশোধনী প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে ১৮/৭/২০০৭ তারিখে জারীকৃত এসিএসপিডি সার্কুলার নং ০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

‘গৃহায়নখাতে পুনঃঅর্থায়ন স্কিম’ এর সুবিধা আরও সম্প্রসারণ, কার্যকর ও গ্রাহকপর্যায়ে অধিকতর সুবিধা প্রদানের লক্ষ্যে উপরোক্ত সার্কুলার এর ৪টি ধারা নিম্নরূপভাবে সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

০১। ০৩(ক) আবেদনকারীকে উপার্জনক্ষম হতে হবে এবং তার মাসিক মোট আয় অনধিক ৫০,০০০/-টাকা হতে হবে।

০২। ০৩(গ) চাকুরিজীবী আবেদনকারীগণ যাদের প্রতিষ্ঠানে নিজস্ব গৃহনির্মাণ ঋণ কর্মসূচী/স্কিম নেই, বা থাকলেও সে সুবিধা গ্রহণ করেন নি তারা এ ঋণসুবিধা পাওয়ার যোগ্য হবেন। এই বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের প্রত্যয়ন পত্র এবং আবেদনকারীর স্বপক্ষে অনাপত্তি পত্র দাখিল করতে হবে।

০৩। ০৪(খ) গ্রাহকপর্যায়ে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক আরোপিত বার্ষিক সুদের হার ব্যাংক রেট + ৪% অর্থাৎ ৯% এর বেশী হবে না।

০৪। ৬(খ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছকে প্রতি ০১ (এক) মাস অন্তর আলোচ্য তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদন করবে। মাস শেষে পরবর্তী ১৫ দিনের মধ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে পুনঃঅর্থায়নের জন্য আবেদন করতে হবে।

উল্লিখিত সার্কুলারের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে এবং বাংলাদেশ ব্যাংকের সঙ্গে PFI সমূহের ইতোমধ্যে সম্পাদিত অংশগ্রহণ চুক্তিপত্রে (Participation Agreement) বর্ণিত উপরোক্ত ধারাসমূহ সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

এ সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তিস্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল হক)
মহাব্যবস্থাপক
ফোন নং-৭১২০৯৪৭